

### ১. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর:

#### ১.১. সংক্ষিপ্ত ইতিহাস:

বঙ্গীয় প্রজাস্বত্ব আইন, ১৮৮৫ এর অধীন ভূমির মালিকানা সম্পর্কিত ম্যাপ ও খতিয়ান প্রণয়ন কাজ পরিচালনার লক্ষ্যে ১৮৮৮ সালে 'ভূমি রেকর্ড দপ্তর' নামে একটি স্বতন্ত্র দপ্তর গঠন করা হয়। তখন জরিপ কাজ “সার্ভে অব ইন্ডিয়া” এর উপর ন্যস্ত ছিল। ১৯১৯ সালে জরিপের কাজ ভূমি রেকর্ড দপ্তরের উপর ন্যস্ত করা হয় এবং দপ্তরটিকে 'ভূমি রেকর্ড ও জরিপ পরিদপ্তর' নামে অভিহিত করা হয়। এর সদর দপ্তর কোলকাতায় স্থাপিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর বরিশাল জেলার ব্রাউন কম্পাউন্ডে অস্থায়ীভাবে জরিপ বিভাগের অফিস স্থাপন করা হয়। আররংপুরে স্থাপন করা হয় সেটেলমেন্ট প্রেস।

পরবর্তীতে জরিপ অফিস বরিশাল জেলা হতে ঢাকার ওয়াজ ঘাট নবাব এস্টেটের বাড়িতে ও আরো কিছুদিন পর টিপুসুলতান রোডের (ওয়ানী) ভাড়া বাড়িতে এবং পরিদপ্তর ভবন নির্মাণ সমাপ্ত হলে ১৯৫৩ সালে বর্তমান স্থানে (তেজগাঁও) এ পরিদপ্তরটি স্থানান্তর করা হয়। এর কিছুদিন পর সেটেলমেন্ট প্রেস রংপুর হতে ঢাকায় স্থানান্তর করা হয়। ১৯৭৫ সালের ফেব্রুয়ারি মাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সরকারের আমলে এটি 'ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর' এ রূপান্তরিত হয় ও এর কার্যক্রমের পরিধি বহুলাংশে বৃদ্ধি পায় এবং অফিসের নামকরণ করা হয় 'ডিপার্টমেন্ট অব ল্যান্ড রেকর্ডস এন্ড সার্ভেস'।

#### ১.২. দপ্তরের ভিশন ও মিশন:

##### রূপকল্প (Vision):

বর্তমান গণতান্ত্রিক সরকার ঘোষিত “রূপকল্প-২০২১” অনুসরণে তথ্য-প্রযুক্তির প্রসার ঘটিয়ে ভূমি জরিপ ও রেকর্ড ব্যবস্থাপনাকে আধুনিক করার মাধ্যমে ক্রটিমুক্ত, জনবান্ধব, টেকসই এবং জনকল্যাণমুখী আধুনিক ভূমি জরিপ ও প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা।

##### অভিলক্ষ্য (Mission):

- ❖ দক্ষ, প্রযুক্তিনির্ভর ও টেকসই ভূমি জরিপ ব্যবস্থাপনার মাধ্যমে ভূমি মালিকদের সঠিক মালিকানা তথ্য নিশ্চিতকরণ;
- ❖ তথ্য-প্রযুক্তির প্রসার ঘটিয়ে ডিজিটাল ভূমি জরিপ ব্যবস্থাপনা গড়ে তোলা;
- ❖ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড ডাটাবেইজ তৈরি করা;
- ❖ ভূমি প্রশাসনে দক্ষতা উন্নয়ন;
- ❖ স্বল্পতম সময়ে ভূমি মালিকদের অনুকূলে উন্নত নিরাপত্তা সম্বলিত ROR প্রদান;
- ❖ জরিপ, ম্যাপিং ও ভূমি উন্নয়ন করণের উন্নয়ন সাধন;
- ❖ ম্যাপ ডিজিটাইজড এবং ROR সহ ভূমি রেকর্ড কম্পিউটারাইজড করা;
- ❖ প্রাতিষ্ঠানিক সংস্কার, মানব সম্পদ উন্নয়নমূলক ব্যবস্থা প্রবর্তন এবং
- ❖ সমগ্র দেশের জন্য একটি দীর্ঘমেয়াদি ও সমন্বিত ভূমি প্রশাসন উন্নয়ন (ওয়ান স্টপ সার্ভিস) কার্যক্রম প্রণয়ন করা।

### কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ✓ কার্যকর ভূমিস্বত্বব্যবস্থাপনা;
- ✓ ভূমিজরিপকাজে দক্ষতা বৃদ্ধি।

### আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- তথ্য অধিকার ও স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
- কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
- কর্ম পরিবেশ উন্নয়ন।

### ১.৩. কাজের তালিকা (Allocation of Business):

- ✚ একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সমগ্র দেশ অথবা কোন জেলা অথবা জেলার কোন অংশের স্বত্বলিপি এবং মৌজা ম্যাপ প্রস্তুত/সংশোধন;
- ✚ প্রত্যেক ভূমি মালিকের Records of Right (ROR) বা স্বত্বলিপি/খতিয়ান প্রণয়ন এবং মুদ্রণ;
- ✚ ডিজিটাল পদ্ধতিতে সমগ্র দেশের প্রতিটি মৌজার স্বত্বলিপি ও মৌজা ম্যাপ প্রণয়ন;
- ✚ পর্যায়ক্রমে সকল মৌজায় জিওডেটিক কন্ট্রোল পয়েন্ট স্থাপন;
- ✚ প্রতিটি উপজেলা, জেলা এবং সমগ্র দেশের ম্যাপ প্রস্তুত, মুদ্রণ, পুনঃমুদ্রণ এবং সংশোধন;
- ✚ আন্তর্জাতিক সীমানা চিহ্নিতকরণ, সীমানা স্থিতি ম্যাপ প্রস্তুত এবং মুদ্রণ;
- ✚ আন্তঃজেলা এবং আন্তঃউপজেলা সীমানা নির্ধারণের ক্ষেত্রে জেলা প্রশাসকগণকে কারিগরি সহায়তা প্রদান;
- ✚ জেলা/উপজেলা পুনর্গঠন সংক্রান্ত সরকারি প্রস্তাবে কারিগরি ও ভৌগোলিক গ্রহণযোগ্যতার বিষয়ে নিরীক্ষাকরণ;
- ✚ আন্তর্জাতিক ও আন্তঃজেলা সীমানা চিহ্নিতকরণ, ক্যাডাস্ট্রাল সার্ভে এবং ভূমি সংস্কার কার্যক্রমে সরকারকে পরামর্শ প্রদান;
- ✚ আন্তর্জাতিক যৌথ সীমানা সম্মেলন অনুষ্ঠান এবং যৌথভাবে আন্তর্জাতিক সীমানা পরিদর্শন;
- ✚ ভূমি জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
- ✚ বি.সি.এস(প্রশাসন, পুলিশ) ও অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাসহ বিচার বিভাগের কর্মকর্তাগণের সার্ভে ও সেটেলমেন্ট ট্রেনিং আয়োজন।

### ১.৪. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (Organizational Structure):

১৯৭৪ সাল পর্যন্ত উপসচিব পদমর্যাদার একজন পরিচালকের অধীনে এ পরিদপ্তরের কার্যক্রম পরিচালিত হয়। ১৯৭৫ সালে যুগ্মসচিব পদমর্যাদার একজন মহাপরিচালকের নেতৃত্বে পরিদপ্তরটি অধিদপ্তরে রূপান্তরিত হয়। তখন থেকে মহাপরিচালকের অধীন উপসচিব পদমর্যাদার ২ জন পরিচালক: (১) পরিচালক (ভূমি রেকর্ড) ও (২) পরিচালক (জরিপ) দায়িত্ব পালন করেন। ১৯৮৪ সালে প্রশাসনিক সংস্কার সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) রিপোর্টের পরিপ্রেক্ষিতে আরও ১টি পরিচালক (প্রশাসন) এর পদ সৃষ্টি হয় এবং মহাপরিচালক পদটি অতিরিক্ত সচিব পদমর্যাদায় উন্নীত করে পরিচালকের ৩টি পদ যুগ্মসচিব পদমর্যাদায় উন্নীত করা হয়।

১৯৮৪ সালের পূর্ব পর্যন্ত স্বাধীনতা উত্তর এদেশে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, দিনাজপুর, কুষ্টিয়া, পাবনা ও দিয়ারা সেটেলমেন্ট, ঢাকার অধীনে অস্থায়ী সেটআপের ভিত্তিতে আর,এস জরিপ পরিচালিত হয়। ১৯৮৪ সালের নিকার এর প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে একজন উপসচিব পদমর্যাদার কর্মকর্তার নিয়ন্ত্রণে কুমিল্লা, নোয়াখালী, খুলনা, ফরিদপুর, বরিশাল,

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

যশোর, সিলেট, রংপুর, বগুড়া ও টাঙ্গাইল এ ১০ টি স্থায়ী জোনাল সেটেলমেন্ট অফিস এবং এর অধীনে ২০৯ টি উপজেলায় স্থায়ী উপজেলা সেটেলমেন্ট অফিস স্থাপন করা হয়।

২০১১ সালে ঢাকা, ময়মনসিংহ ও পাবনা রিভিশনাল সেটেলমেন্ট বিলুপ্ত করে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুষ্টিয়া, ময়মনসিংহ, পাবনা, দিনাজপুর, পটুয়াখালী ও জামালপুর এ আরও ৯টি জোনাল সেটেলমেন্ট অফিস এবং এর অধীনে ২০০ টি উপজেলায় স্থায়ী উপজেলা সেটেলমেন্ট অফিস স্থাপন করা হয়।

### ১.৫. গণকর্মচারী সংখ্যা:(অধিদপ্তরের মূল অর্গানোগ্রাম: পরিশিষ্ট-১)

#### ক. জনবল অফিসভিত্তিক:

জনবল সংখ্যা	অফিসভিত্তিক					
	অধিদপ্তর	সেটেলমেন্ট প্রেস	জোনাল অফিসসমূহ	দিয়ারা ও আঞ্চলিক সেটেলমেন্ট অফিসসমূহ	উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহ	মোট
মঞ্জুরিকৃত	৩৪০	৪৬৮	৩৫৭	১০৬	৬৩৭১	৭৬৪২
কর্মরত	১৯৩	২৩২	১৩৩	৫৫	১৯২০	২৫৩৩
শূন্য	১৪৭	২৩৬	২২৪	৫১	৪৪৫১	৫১০৯

#### খ. জনবল শ্রেণিভিত্তিক:

শ্রেণিভিত্তিক				
১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
৪৯০	৬৮৬	৪৪৮৩	১৯৮৩	৭৬৪২
২২৮	৩৭৪	১১২০	৮১১	২৫৩৩
২৬২	৩১২	৩৩৬৩	১১৭২	৫১০৯

#### গ. পদোন্নতি:

পদোন্নতি পূর্ব পদ	পদোন্নতি প্রাপ্ত পদ	সংখ্যা
সাব-সার্ভেয়ার	উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার	১৪
সার্ভেয়ার		১৩৭
কম্পিউটার		২৫
ড্রাফটসম্যান		১১৪
বায়োলারী আমিন		৮
পেশকার		২
ট্রাভার্স সার্ভেয়ার		৩
মোট		৩০৩

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

### ১.৬. ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা ও অর্জন:

কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন ২০১৯-২০
[১.১] মৌজা জরিপকরণ	[১.১.১] মৌজা জরিপকৃত (যৌচ পর্যন্ত)	সংখ্যা	১০০	৮০
	[১.১.২] মৌজা ম্যাপ প্রস্তুতকৃত	মৌজা সংখ্যা	৬৫০	৫৪০
	[১.১.৩] স্বত্বলিপির (খতিয়ানের) শুদ্ধ কপি প্রস্তুতকৃত	সংখ্যা (লক্ষ)	৫.২৫	৪
[১.২] স্বত্বলিপি কম্পিউটারে সংরক্ষণ ও মুদ্রণ	[১.২.১] খতিয়ানে কম্পিউটারে এন্ট্রিকৃত	সংখ্যা (লক্ষ)	১১.৩০	১০.৯৮
	[১.২.২] খতিয়ান মুদ্রণ	সংখ্যা (লক্ষ)	৯.০০	১৩.২৪
	[১.২.৩] ম্যাপ মুদ্রণ	সংখ্যা (লক্ষ)	৪.০০	৩.১৩
[১.৩] স্বত্বলিপি হস্তান্তর	[১.৩.১] স্বত্বলিপি চূড়ান্ত প্রকাশ	মৌজা সংখ্যা	৩০০০	২২০০
	[১.৩.২] স্বত্বলিপির গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর	মৌজা সংখ্যা	৩৭০০	২৯৯৫
[১.৪] অভ্যন্তরীণসীমানা বিরোধ নিষ্পত্তি করণ	[১.৪.১] নিষ্পত্তিকৃত অভ্যন্তরীণ সীমানা বিরোধ	সংখ্যা	৩	২
[১.৫] আন্তর্জাতিক সীমানা সম্পর্কিত বিষয় নিষ্পত্তি	[১.৫.১] যৌথভাবে সীমানা পরিদর্শনকৃত	সংখ্যা	১৬	১২
	[১.৫.২] যৌথ সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত	সংখ্যা	১	১
	[১.৫.৩] সীমানা পিলার মেরামতকৃত	সংখ্যা	৪৫০	৪৫০
[২.১] ভূমি ব্যবস্থাপনা ও জরিপের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি	[২.১.১] কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ/ প্রদত্ত	সংখ্যা	৬০০	৬১০
[২.২] সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ	[২.২.১] কর্মকর্তাদের সার্ভে সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদত্ত	সংখ্যা	২৪০	১৯০
[২.৩] পরিবীক্ষণ ও তদারকি	[২.৩.১] অফিস পরিদর্শনকৃত	সংখ্যা	২০	৪
	[২.৩.২] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়িত	%	৮৫	৭০%

### ১.৭. ২০১৯-২০২০ অর্থ বছরে ই-নথি বিষয়ক কার্যক্রম: (২০১৯-২০২০ অর্থ বছরে ই-নথি বিষয়ক কার্যক্রমের সার্বিক চিত্র, পরিশিষ্ট-২)

ভূমিরেকর্ড ও জরিপ অধিদপ্তর এর ই-নথি বিষয়ক কার্যক্রমে জুলাই ২০১৯ খ্রি: হতে জুন ২০২০ খ্রি: অর্থবছরে মোট ডাক গৃহীত হয় -৪৪৮১, মোট ডাক নিষ্পন্ন-৪৪৫১, মোট নোট-১৯৪০, মোট নিষ্পন্ন নোট-১৩১১, মোট পত্রজারি আন্ত সিস্টেমে-২০২, ইমেইল ও অন্যান্য-৩৭১।

বড় ক্যাটাগরি ১৬টি অধিদপ্তরের মধ্যে ভূমিরেকর্ড ও জরিপ অধিদপ্তর ই-নথি কার্যক্রমে জুলাই/১৯ খ্রি: থেকে অক্টোবর/২০১৯ খ্রি: পর্যন্ত ৬ষ্ঠ স্থান, নভেম্বর/২০১৯ খ্রি: ও ডিসেম্বর ৫ম স্থান, জানুয়ারি/২০২০ খ্রি: ৬ষ্ঠ স্থান, ফেব্রুয়ারি/২০২০ খ্রি: ৭ম স্থান, মার্চ/২০২০খ্রি: ৬ষ্ঠ স্থান, এপ্রিল/২০২০ খ্রি: ১০ম স্থান, মে/২০২০ খ্রি: ৬ষ্ঠ স্থান, জুন/২০২০ খ্রি: ৫ম স্থান অর্জন করে।

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

### ১.৮ চলমান জরিপ কার্যক্রমের সর্বশেষ অবস্থা:

(ক) এস এ রেকর্ডের ভিত্তিতে পরিচালিত আরএস জরিপের বিবরণ: (এক নজরে সমগ্র দেশের আর.এস জরিপের অবস্থা ১৯৬৫-২০২০, পরিশিষ্ট - ৩)

১৯৬৫ সালে এস.এ রেকর্ডের ভিত্তিতে আর.এস জরিপ শুরু হয়। আর.এস জরিপ ৬টি বৃহত্তর জেলার (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুষ্টিয়া, পাবনা, ময়মনসিংহ) সার্বিক পদ্ধতিতে অস্থায়ী সেট-আপের ভিত্তিতে শুরু হয় এবং ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ২১টি মৌজা ব্যতীত ২২৯৮০ মৌজার আর.এস জরিপ কাজ ২০১৪ সালে সমাপ্ত হয়। পরবর্তীতে ১৯৮৫ সালে ১ম ধাপে ১০টি এবং ২য় ধাপে ০৯টি জোনাল সেটেলমেন্ট অফিস এবং এর অধীনে ২০০টি উপজেলায় স্থায়ী উপজেলা সেটেলমেন্ট অফিস স্থাপন করা হয়।

(খ) ২০১৯০ অর্থ-২০২ বছরে পরিচালিত আরএস জরিপের বিবরণ:

২০১৯-২০ অর্থ বছরে সারা দেশের ২৯২০টি মৌজার জরিপের সকল স্তরের কার্যক্রম শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে হস্তান্তর করা হয়।

### ১.৯. ২০১৯-২০২০ অর্থ বছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের উল্লেখযোগ্য অর্জনসমূহ:

#### ১. ডিজিটাল জরিপ কার্যক্রম গ্রহণ:

জোনাল সেটেলমেন্ট এবং দিয়ারা সেটেলমেন্ট এর আওতায় বর্তমানে সারা দেশে সনাতন জরিপের পাশাপাশি ডিজিটাল জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ঢাকা, যশোর, ফরিদপুর, খুলনা, বরিশাল, বগুড়া, রংপুর, দিনাজপুর, সিলেট, টাঙ্গাইল, কুমিল্লা, নোয়াখালী, রাজশাহী, পাবনা, ময়মনসিংহ, জামালপুর চট্টগ্রামসহ ১৭টি জোনে জরিপ কাজ চলমান আছে। নবসৃষ্ট পটুয়াখালী ও কুষ্টিয়া জোনে জনবল নিয়োগ ও যন্ত্রপাতি সংগ্রহ সাপেক্ষে সবগুলো জোনে ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ আরম্ভ করা হবে। বর্তমান জনবল ও ডিজিটাল যন্ত্রপাতির উপর নির্ভর করে ঢাকা জোনের সাভার, পলাশ, সিঙ্গাইর, সাটুরিয়া, হরিরামপুর, গাজীপুরসদর, গজারিয়া উপজেলায় ডিজিটাল জরিপ চলমান আছে। জামালপুর, রাজশাহী, রংপুর জোনে ডিজিটাল পদ্ধতিতে জরিপ কাজ চলমান আছে। এ ছাড়া ফরিদপুর, খুলনা, সিলেট ও নোয়াখালী জোনের যে সকল মৌজার জরিপ হয়নি সেগুলোতে ডিজিটাল জরিপের কাজ শুরু হবে। অধুনালুপ্ত ১১টি ছিটমহলের ৩৪টি মৌজার জরিপের সকল স্তরের কাজ শেষে রেকর্ড ও নকশা জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দপ্তরে হস্তান্তর করা হয়েছে।

#### ২. খতিয়ানসমূহ ওয়েবসাইটে আপলোড কার্যক্রম গ্রহণ:

২০১৯-২০২০ অর্থবছরে সারাদেশে ৪ লক্ষ খতিয়ানের শুদ্ধকপি প্রস্তুত করা হয়েছে। এ সময়ে বিভিন্ন জোন হতে প্রেরিত ১০ লক্ষ খতিয়ানের তথ্য সেটেলমেন্ট প্রেসের কম্পিউটার সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরে খতিয়ান মুদ্রণ করা হয়েছে ৭ লক্ষ ১৫ হাজার এবং ম্যাপ মুদ্রণ করা হয়েছে ৩ লক্ষ ১৩ হাজার কপি। এ সময়ে ২২০০ মৌজার চূড়ান্ত প্রকাশনা দেয়া হয়েছে এবং কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হয়েছে ২৯২০ মৌজার স্বত্বলিপি(খতিয়ান ও মৌজা ম্যাপ)। এ ছাড়া জনগণের জন্য সেবা সহজলভ্য ও উন্মুক্তকরণের অংশ হিসেবে ১ কোটি ৪৬ লক্ষ আর.এস. খতিয়ান ওয়েবসাইটে আপলোড করে উন্মুক্ত করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরে বিভিন্ন জোন থেকে প্রাপ্ত ২ লক্ষ ৯ শত ৮৩টি মৌজা ম্যাপ স্ক্যান করে আপলোড করা হয়েছে।

#### ৩. অনলাইন ভূমি জরিপ সফটওয়্যার এর ব্যবহার:

অনলাইন ভূমি জরিপ সফটওয়্যার প্রস্তুতের কাজ সম্পন্ন হওয়ার নিমিত্ত প্রাথমিকভাবে সফটওয়্যারে স্ট্যাটিক ম্যাপ (Static Map) সংযোগসহ খতিয়ান প্রণয়নের জন্য যে যে বিষয়/মডিউল অন্তর্ভুক্ত করা যায় তা ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে এবং

ডাইনামিক ম্যাপ (Dynamic Map) সংযোগের বিষয়টি প্রক্রিয়াধীন। বর্তমানে সিস্টেমটি ঢাকা জোনে চলমান ডিজিটাল জরিপ কাজে সফলতার সাথে ব্যবহার করা হচ্ছে।

### ৪. আন্তর্জাতিক সীমান্ত রক্ষণাবেক্ষণ:

আন্তর্জাতিক সীমান্ত রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে ২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ-ভারত ১টি যৌথ সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়। এ ছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে ১৫টি যৌথ সীমান্ত পরিদর্শন এবং ৫৪০টি বিভিন্ন ধরনের সীমান্ত পিলার মেরামত করা হয়।

### ৫. Economic Development Cooperation Fund (EDCF) এর কারিগরি ও আর্থিক সহায়তায় প্রকল্প বাস্তবায়ন:

দক্ষিণ কোরিয়ার উন্নয়ন সহযোগী সংস্থা Economic Development Cooperation Fund (EDCF) এর কারিগরি ও আর্থিক সহায়তায় দেশের ৩টি সিটি কর্পোরেশন, ১টি পৌরসভা ও ২টি উপজেলায় প্লট-টু-ভূমি জরিপের মাধ্যমে ডিজিটাল ম্যাপ ও খতিয়ান প্রস্তুতকরণের জন্য ৩৫১.৮৬ কোটি টাকা ব্যয়ে প্রকল্পবাস্তবায়নের কাজ চলছে।

### ৬. 'ভূমি ভবন নির্মাণ' প্রকল্প:

'ভূমি ভবন নির্মাণ' প্রকল্পের অধীনে ভূমি ভবন নির্মাণের কাজ এ পর্যন্ত ৭০% সমাপ্ত হয়েছে।

### ৭. ভূমির শ্রেণিবিন্যাস পরিবর্তন:

'Ease of Doing Business' এর Ranking উন্নয়নকরণের অংশ হিসেবে ভূমির শ্রেণিবিন্যাস ১১২৪ থেকে ১৪টি 'তে রূপান্তর করা হয়েছে।

### ১.১০. মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ):

#### অভ্যন্তরীণ প্রশিক্ষণ:

২০১৯-২০২০ অর্থবছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম হিসেবে মোট ৩২টি কোর্স পরিচালিত হয় এবং মোট ৯৪৯ জন প্রশিক্ষার্থী উক্ত কোর্সসমূহে অংশগ্রহণ করেন।

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

### অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সসমূহের বিস্তারিত বিবরণ:

নং	কোর্সের নাম	কোর্স সংখ্যা	প্রতিকোর্সে অংশগ্রহণকারীর সংখ্যা	মোট অংশগ্রহণকারীর সংখ্যা	কোর্সের মেয়াদ (দিন)	প্রশিক্ষণ সময় (ঘন্টা)
১	২	৩	৪	৫ (৩x৪)	৬	৭ (৫x৬x৮)
১	দাপ্তরিক আচরণ ও শৃঙ্খলা বিষয়ক প্রশিক্ষণ	২	৩০	৬০	৮	৩৮৪০
২	গণস্বাক্ষরিত ক্রয় (Public Procurement) বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১	২১	২১	৩	৫০৪
৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ক অবহিতকরণ কোর্স	২	৩৯	৭৮	২	১২৪৮
৪	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক অবহিতকরণ কোর্স	২	৩৬	৭২	২	১১৫২
৫	ভূমি জরিপ ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	৮	২৬.৫	২১১	৭৫	১,২৬,৬০০
৬	ইটিএস প্রশিক্ষণ	৪	২৫	১০০	৪০	৩২,০০০
৭	আর্ক জিআইএস বেসিক প্রশিক্ষণ	২	২০	৪০	২০	৬,৪০০
৮	অনলাইন ল্যান্ড সার্ভে সফটওয়্যার পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ	৪	২৬	১০৪	২০	১৬,৬৪০
৯	ই-নথি রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স	১	২০	২০	২	৩২০
১০	অফিস ব্যবস্থাপনা ও সরকারি কর্মচারীদের শৃঙ্খলা বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১	৩৫	৩৫	২	৫৬০
১১	অফিস ব্যবস্থাপনা (সচিবালয় নির্দেশমালার প্রাসঙ্গিক বিষয়সমূহ) বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১	৪০	৪০	৫	১৬০০
১২	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১	৪০	৪০	২	৬৪০
১৩	অনলাইনে বেতন দাখিল বিষয়ক প্রশিক্ষণ	১	৪৫	৪৫	১	৩৬০
১৪	গণস্বাক্ষরিত-উৎসে আয়কর ও ভ্যাট কর্তন বিষয়ক প্রশিক্ষণ	১	৪৫	৪৫	১	৩৬০
১৫	নথি শ্রেণিবিন্যাস ও বিনষ্টকরণ বিষয়ক কোর্স	১	৩৮	৩৮	১	৩০৪
মোট		৩২	-	৯৪৯	-	১,৯২,৫২৮

### ১.১১. বিসিএস ক্যাডার ও বিজেএস কর্মকর্তাগণের সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ:

২০১৯-২০২০ অর্থ বছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের সমন্বয়ে সার্ভে এন্ড সেটেলমেন্ট বিষয়ক ৪টি কোর্স পরিচালিত হয় যাতে প্রশিক্ষণার্থী লক্ষ্য মাত্রা ছিল-২৪০ জন, মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১৯০ জন।

অর্থ বছর	কোর্সের নাম	অংশগ্রহণকারী	অংশগ্রহণকারীর সংখ্যা
২০১৯-২০২০	১১৯-১২২তম সার্ভে ও সেটেলমেন্ট কোর্স	বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বিজেএস) কর্মকর্তাবৃন্দ	১৯০

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

### ১.১২. শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

প্রতিবেদনাব্যবহিত অর্থবছরে (২০১৯-২০২০) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাব্যবহিত অর্থবছরে (২০১৯-২০২০) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরিচ্যুতি/বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট নিষ্পত্তি	
১	২	৩	৪	৫ (২+৩+৪)	৬ (১-৫)
২১	২	১	২	৫	১৬

### ১.১৩. বাজেট:

#### সম্পূরক মঞ্জুরি ও বরাদ্দদাবি (পরিচালন ও উন্নয়ন):

২০১৯-২০২০ অর্থবছরের বাজেটে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অনুকূলে পরিচালন খাতে বরাদ্দ ছিল ১৮২.১৫ কোটি টাকা এবং উন্নয়ন খাতে বরাদ্দ ছিল ১৩৫.৮৬ কোটি টাকা। সংশোধিত বাজেটে এ বরাদ্দ দাঁড়িয়েছে পরিচালন খাতে ১৮২.১৯ কোটি এবং উন্নয়ন খাতে ১২.৭৫ কোটি টাকা। পরিচালন ও উন্নয়ন উভয় খাত মিলে ২০১৯-২০২০ অর্থবছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অনুকূলে মোট বাজেট বরাদ্দ ছিল ২৫৪.৯৪ কোটি টাকা। ভূমি মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং জেলা, উপজেলাসমূহে ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত বাজেট এবং সংশোধিত বাজেট প্রাতিষ্ঠানিক কোডভিত্তিক নিচের ছকে উপস্থাপন করা হলো:-

#### ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেট এবং সংশোধিত বাজেট:

নং	দপ্তরের নাম	২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত বাজেট (অংকসমূহ লক্ষ টাকায়)
১	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর কার্যক্রম	১৮২.১৯৩১
২	উন্নয়ন কার্যক্রম	১২.৭৫
সর্বমোট পরিচালন ও উন্নয়ন ব্যয়		২৫৪.৯৪

### ১.১৪. অডিট আপত্তি:

#### অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

নং	মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম	মোট অডিট আপত্তি		ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি	
		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	৮১	০.৮৩৯৯	৮১	২৬	০.১০৯৯	৫৫	০.৭৩০০
২	জোনাল সেটেলমেন্ট অফিসসমূহ	৩১১	০.৪৩২৯	৩৩১	২৯৯	০.১২৫৬	৩২	০.৩০৭৩
সর্বমোট		৪১২	১.২৭২৮	৪১২	৩২৫	০.২৩৫৫	৮৭	১.০৩৭৩

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

### ১.১৫. ২০১৯-২০২০ অর্থবছরে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আইন শাখার কার্যক্রম:

রিট মামলা/সিভিল পিটিশন মামলা/এটি মামলা/কনটেম্পট মামলারবিবরণ:

সাল	রিট পিটিশন		সিভিল পিটিশন		এটি/এএটি		কনটেম্পট	
২০১৯-২০২০	১১২		১৩		১২		৪	
	অনিষ্পন্ন	নিষ্পন্ন	অনিষ্পন্ন	নিষ্পন্ন	অনিষ্পন্ন	নিষ্পন্ন	অনিষ্পন্ন	নিষ্পন্ন
	৯৪	১৮	১৩	-	৮	৪	৪	-

### ১.১৬. ভবিষ্যত পরিকল্পনা:

ভূমি জরিপ ডিজিটাইজেশনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।নিয়োগবিধিমালা জনপ্রশাসনের অনুমোদনক্রমে প্রণয়নের মাধ্যমে সকল শূন্য পদ পূরণ করে এবং প্রশিক্ষিত করে অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন করার পদক্ষেপ গ্রহণ করা,অনলাইন রিভিশনাল সেটেলমেন্ট খতিয়ান(RSK)সিস্টেম তৈরি করা।ভারতের সাথে ৪টি সেক্টরের বিদ্যমান সীমানা পিলার পুনঃনির্মাণ/মেরামতের যৌথকর্মসূচি প্রণয়ন ও তা বাস্তবায়ন করার উদ্যোগ নেয়া।সীমানা নির্ধারণ কাজেGNSS (Global Navigation Satellite System)এর ব্যবহার এবং স্ট্রিপম্যাপ হালনাগাদ করার জন্য HRSI (High Resolution Satellite Imagery)ব্যবহার করার বিষয়ে প্রশিক্ষণ প্রদান।এতদ্ব্যতীত তথ্য-প্রযুক্তিসমৃদ্ধ যুগোপযোগী ধারণা যেমন-সুশাসন, ই-গভর্নেন্স, গণখাতে ক্রয়নীতি, বাজেট প্রণয়ন ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ কারিকুলাম তৈরি করা ও বাস্তবায়নের পরিকল্পনা।২০২০-২১ মেয়াদে জুডিসিয়াল সার্ভিস এবং বিসিএস ক্যাডারভুক্ত মোট ২৪০জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।আধুনিক যন্ত্রপাতি সংগ্রহকরণ, সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণের স্থায়ী একাডেমী নির্মাণ,ভূমিভবন, আবাসিক ভবন নির্মাণ এবং ২০টি জোনাল সেটেলমেন্ট অফিস ভবন নির্মাণের পরিকল্পনা আছে।ভূমি রেকর্ড ও সার্ভে ব্যবস্থায় ডিজিটাইজেশনের লক্ষ্যে ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল জরিপ পরিচালনার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পশীর্ষক ১২১৫৪.৮৬ লক্ষ টাকা ব্যয়ে জিওবি খাতে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

১.১৭ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কার্যক্রমের খন্ড চিত্র:



ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রধান কার্যালয়

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



নির্মাণাধীন ভূমি ভবন পরিদর্শন



ভূমি জরিপ কার্যক্রমের চ্যালেঞ্জসমূহ ও উত্তরণে করণীয় শীর্ষক কর্মশালা

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জমির শ্রেণিবিন্যাস ও খতিয়ান সহজীকরণ বিষয়ক কর্মশালা



বিসিএস ক্যাডারভুক্ত (প্রশাসন, পুলিশ, বন ও রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কর্মকর্তাগণের ১১৯তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্স ২০১৯-২০২০ এর শুভ উদ্বোধনী অনুষ্ঠান

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



২৩-২৫ ডিসেম্বর ২০১৯খ্রি. তারিখে ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত ৩য় যৌথ সীমান্ত সম্মেলন



বাংলাদেশ-ভারত ৩য় যৌথ সীমান্ত সম্মেলনের কার্যবিবরণী স্বাক্ষর

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর



জুলাই ২০১৯খ্রি. যৌথ পরিদর্শন পদ্মশাকরা, সাতক্ষীরা



নভেম্বর ২০১৯খ্রি. রৌমারী, কুড়িগ্রাম সীমান্তে যৌথ পরিদর্শন



# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

পরিশিষ্ট-২:

এক নজরে সমগ্র দেশের আর.এস. জরিপের অবস্থা (১৯৬৫-২০২০)

ক্রমিক	জোন	মোট মৌজাসংখ্যা	সমাপ্ত মৌজা সংখ্যা	অসমাপ্ত মৌজা সংখ্যা	মন্তব্য
<b>দেশব্যাপী স্থায়ী কাঠামোর আওতায় চলমান (১৯৮৫ সাল হতে) আর. এস.</b>					
১	টাঙ্গাইল	১৯৯৬	১৬১৬		অসমাপ্ত
২	ফরিদপুর	৩২৯০	২৬০৮		অসমাপ্ত
৩	খুলনা	২৪৫১	১৫৬৪		অসমাপ্ত
৪	কুমিল্লা	৪৬৮২	৪৫০৭		অসমাপ্ত
৫	যশোর	৩২৫০	২৮৭৮		অসমাপ্ত
৬	বগুড়া	২৪৮৯	১৭৬১		অসমাপ্ত
৭	নোয়াখালী	১৮৯৯	১৪০৬		অসমাপ্ত
৮	রংপুর	৩৬৭৬	১৯৯৬		অসমাপ্ত
৯	সিলেট	৫৪৫৭	২৭৮০		অসমাপ্ত
১০	বরিশাল	১৭২৫	৮৭৬		অসমাপ্ত
১১	দিনাজপুর	৩১১০	৫১		অসমাপ্ত
<b>সার্কিট ব্যবস্থায় পরিচালিত আর. এস.(১৯৬৫ হতে চলমান)</b>					
১২	রাজশাহী	৬৩৪৩	৬৩৪৩	-	সার্কিট জরিপে সমাপ্ত
১৩	ঢাকা	৫২৬২	৫২৬২	-	সার্কিট জরিপে সমাপ্ত
১৪	চট্টগ্রাম	১২৪৫	১২৪৫	-	সার্কিট জরিপে সমাপ্ত
১৫	কুষ্টিয়া	১২৭২	১২৭২	-	সার্কিট জরিপে সমাপ্ত
১৬	পাবনা	২৭৮১	২৭৮১	-	সার্কিট জরিপে সমাপ্ত
১৭	ময়মনসিংহ	৪৭৫৮	৪৭৩৭	২১	ভালুকায় ২১টি মৌজা নিয়ে বনবিভাগের আপত্তির কারণে অনিষ্পন্ন
১৮	জামালপুর	১৩০০	১৩০০		বৃহত্তর ময়মনসিংহের অধীনে সার্কিট জরিপে সমাপ্ত
১৯	পটুয়াখালী [প্রকল্পের অধীনে আর.এস. জরিপের কর্মসূচি রয়েছে]	৮২৬		৮২৬	আর.এস. জরিপ হয়নি
<b>আংশিক/সীমিত জরিপ [পটুয়াখালী ব্যতীত ২য় আর.এস.]</b>					
০১	পটুয়াখালী আমতলী উপজেলা [১ম আর. এস.]	৮২৬	১৪		এক্সেস টু ল্যান্ড প্রকল্পের অধীনে সারাদেশের ৩ জোনের ৩টি মাত্র উপজেলা কর্মসূচি ভুক্ত করা হয়
০২	জামালপুর [ জামালপুর সদর]	১৩০০	৩৫		
০৩	রাজশাহী [ মোহনপুর উপজেলা]	৬৩৪৩	১২		
০৪	চট্টগ্রাম	১২৪৫			বর্তমানে স্থগিত
০৫	ঢাকা	৫২২৬			সাভার, গাজীপুর ও নরসিংদি

# বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

## ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

পরিশিষ্ট-৩:

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ই-নথি কার্যক্রম রিপোর্ট জুলাই/২০১৯খ্রিঃ হতে জুন/২০২০খ্রিঃ পর্যন্ত:

ক্রমিকনং	মাসের নাম	অফিসের অবস্থান	ডাক					নথি					পত্র জারিতে নিষ্পন্ন নোট			পত্র জারির সংখ্যা			
			পূর্বের অনিষ্পন্ন	গৃহীত	মোট ডাক	নিষ্পন্ন	এ মাসে অনিষ্পন্ন	পূর্বের অনিষ্পন্ন	স্ব-উদ্যোগে সৃজিত নোট	স্ব-উদ্যোগে নিষ্পন্ন	ডাক থেকে সৃজিত নোট	ডাক থেকে নিষ্পন্ন	মোট নোট	নোটে নিষ্পন্ন	এ মাসে অনিষ্পন্ন		আন্তঃসিস্টেম	ইমেইল ও অন্যান্য	মোট
১	২	৩	৫	৪	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
১	জুলাই/১৯খ্রিঃ	৬ষ্ঠ	০	১৬৬৩	১৬৬৩	১৫৭২	৯১		২৪৮	০	৩৯৪	০	৬৪২	৪২০	২২২	৭৪	১০৩	১৭৭	১৮৭
২	আগষ্ট/১৯খ্রিঃ	৬ষ্ঠ	৯১	১১৮০	১২৭১	১৩৬৫	-৯৪	২২২	২১৯	০	৩৫৬	০	৫৭৫	৩৯৬	১৭৯	৫৫	১১৫	১৭০	১৮৩
৩	সেপ্টেম্বর/১৯খ্রিঃ	৬ষ্ঠ	০	১৪৫৬	১৪৫৬	১৫১৪	-৫৮	১৭৯	২৯১	০	৪৩২	০	৭২৩	৪৯৫	২২৮	৭৩	১৫৩	২২৬	২৩১
৪	অক্টোবর/২০১৯খ্রিঃ	৬ষ্ঠ	-৫৮	১৬৯৭	১৬৩৯	১৫৯০	১০৭	২২৮	২৪৬	০	৪৭৩	০	৭১৯	৫০৫	২১৪	১০৪	১০৭	২১১	২১৮
৫	নভেম্বর/২০১৯খ্রিঃ	৫ম	১০৭	১৪৩৪	১৫৪১	১২৯৭	১৩৭	২১৪	২০৫	০	৩০৯	০	৫১৪	৩৬৬	১৪৮	৮৬	৭৩	১৫৯	১৬৪
৬	ডিসেম্বর/২০১৯খ্রিঃ	৫ম	১৩৭	১৬০২	১৭৩৯	১৩৯৩	২০৯	১৪৮	১৯৭	০	২৯৩	০	৪৯০	৩১০	১৮০	৭৩	৯৬	১৬৯	১৭৪
৭	জানু/২০২০খ্রিঃ	৬ষ্ঠ	২০৯	১৬০৭	১৮১৬	১৫২৩	৮৪	১৮০	১০৮	০	১৯৬	০	৩০৪	১৯৮	১০৬	৩৭	৫১	৮৮	৯১
৮	ফেব্রু/২০২০খ্রিঃ	৭ম	৮৪	১৪৪৯	১৫৩৩	১৪৬৭	-১৮	১০৬	১১৫	০	১৯২	০	৩০৭	২২৩	৮৪	৩৮	৫২	৯০	৯০
৯	মার্চ/২০২০খ্রিঃ	৬ষ্ঠ	-১৮	১০৫২	১০৩৪	১২৫৫	-২০৩	৮৪	৮০	০	১৪৯	০	২২৯	১৬৫	৬৪	২৭	৪৭	৭৪	৭৫
১০	এপ্রিল/২০২০খ্রিঃ	১০ম	-২০৩	১৬	-১৮৭	৩৪	-১৮	৬৪	৪	০	২	৪	৬	০	৬	০	০	৩	৩
১১	মে/২০২০খ্রিঃ	৬ষ্ঠ	-১৮	২২৩	২০৫	১৭৭	৪৬	৬	৭	৫	১৭	১৫	২৪	০	২৪	৫	০	৫	৫
১২	জুন/২০২০খ্রিঃ	৫ম	৪৬	৯২১	৯৬৭	৯৬৩	-৪২	২৪	৮১	১৩	২০৯	১৪০	২৯০	০		২৭	৩৭	৪৬	৬৯
মোট			৯১	৪২৯৯	৪৩৯০	৪৪৫১	-৬১	৪০১	৭৫৮	৫	১১৮২	১৫	১৯৪০	১৩১১	৬২৯	২০২	৩৭১	৫৭৩	৬০১

বার্ষিক রিপোর্ট ২০১৯-২০২০

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর